রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ১৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৬, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৯৫—৩০২ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৭৩—৩৯৯ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৪১—৩৫১ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২/০৩ মার্চ ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪০.২৫-৪৬৫**—যেহেতু, জনাব মোঃ হারুন অর রশিদ (পরিচিতি নম্বর-৮১৪৯০০০১), উপজেলা নির্বাচন অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ (প্রাক্তন কার্যালয়ঃ বাবুগঞ্জ, বরিশাল) এর বিরুদ্ধে নিয়ম বহির্ভূতভাবে জাতীয় পরিচয়পত্র সংশোধনের অভিযোগে বিভাগীয় মামলা নম্বর-১৩/২০২৫ রুজু করা হয় এবং তদন্তে উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, অপরাধের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় জনস্বার্থে তাকে সরকারি কর্ম হতে বিরত রাখা আবশ্যক ও সমীচীন;

সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) এর বিধান মোতাবেক জনাব মোঃ হারুন অর রশিদ (পরিচিতি নম্বর-৮১৪৯০০০১), উপজেলা নির্বাচন অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ (প্রাক্তন কার্যালয়ঃ বাবুগঞ্জ, বরিশাল)-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

১। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) ও অন্যান্য আইনানুগ সুবিধাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: **www.bgpress.gov.bd**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১৯**—আদিষ্ট হয়ে ডিএমপি'র দারুস সালাম থানার মামলা নং-৩৪, তারিখ-২৯-০৫-২০২৪ খ্রি.-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.২০**—আদিষ্ট হয়ে রাজশাহী জেলার বোয়ালিয়া মডেল থানার মামলা নং-২৬, তারিখ-১৭-০৪-২০২৩ খ্রি.-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.২২**—আদিষ্ট হয়ে ডিএমপি-এর শেরে-বাংলানগর থানার মামলা নং-৩৮, তারিখ: ২৯-১০-২০২১ খ্রি.,-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগপত্র দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৬ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৪ডি-০১/২০১৮-১২৮**—যেহেতু, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার সাবেক সাব-রেজিস্ট্রার জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) মোতাবেক 'অদক্ষতা' এবং বিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে ০১/২০১৮ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব দুলাল কুমার চৌধুরী উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোনো যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত সাব-রেজিস্ট্রার জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে অদক্ষতা, অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব দুলাল কুমার চৌধুরীকে আনীত অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের বিপরীতে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে "বাধ্যতামূলক অবসর প্রদান" করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন প্রাপ্ত সকল কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব দুলাল কুমার চৌধুরী, সাব-রেজিস্ট্রার, আশাশুনি, সাতক্ষীরা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদানে' মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করেছে।

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্মকমিশনের পরামর্শ অনুযায়ী সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার সাবেক সাব-রেজিস্ট্রার জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) মোতাবেক 'অদক্ষতা' এবং বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় বিধি ৪(৩)(খ) অনুযায়ী তাকে বাধ্যতামূলক অবসর(Compulsory Retirement) প্রদান করা হলো। এরূপ বাধ্যতামূলক অবসর প্রদানের ফলে তিনি বিধি মোতাবেক অবসর সংক্রান্ত সকল প্রকার আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লিয়াকত আলী মোল্লা**
সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**উন্নয়ন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫৪.০০.০০০০.০৪২.১৪.০০৩.২৪.১৬**—**"২০২২ সালের বন্যায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত বাংলাদেশ রেলওয়ের সিলেট-ছাতকবাজার সেকশন (মিটারগেজ) পুনর্বাসন"** শীর্ষক প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন সুবিধা প্রদানের লক্ষ্যে রিসেটেলমেন্ট এ্যাকশন প্ল্যানে অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত কমিটিসমূহ গঠন করা হলো:

**ক) যৌথ তদন্ত কমিটি [Joint Verification Committee-(JVC)]:**

| | | | |
|---|---|---|---|
| ১। | বিভাগীয় প্রকৌশলী-২, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা | - | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

১। পুনর্বাসন কর্মসূচী প্রণয়নকালে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিয়োজিত কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি)-এর সহায়তায় আর্থ সামাজিক জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের তালিকা ও ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ এবং অধিগ্রহণ আইনের আওতায় যৌথ জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা ও ক্ষতির পরিমাণ যাচাইপূর্বক হালনাগাদ বাজেট প্রণয়নসহকারে সংশ্লিষ্ট রেকর্ডপত্রে স্বাক্ষরকরণ এবং প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট প্রেরণ;

২। বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত প্রকল্প সীমানায় অবস্থিত রেলওয়ের নিজস্ব বা সরকারি (খাস) জমিতে বসবাসকারী বাস্তুহারা ব্যক্তিদের শনাক্তকরণ, তাদের ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ, যৌথ জরিপ ফরমে স্বাক্ষরকরণ, বাজেট প্রণয়নসহ সকল কাগজ পত্রাদি প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট প্রেরণ;

৩। বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত প্রকল্প সীমানায় অবস্থিত রেলওয়ের জমি ইজারা গ্রহণকারীদের শনাক্তকরণ, তাদের ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ, যৌথ জরিপ ফরমে স্বাক্ষরকরণ, ক্ষতিপূরণ নির্ধারণ এবং বাজেট প্রণয়ন। এ সকল কাগজ পত্রাদি প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট প্রেরণ; এবং

৪। সিলেট-ছাতক রেলওয়ে পুনর্বাসন প্রকল্পের উপরোক্ত কার্যাবলির সাথে সম্পর্কিত সকল কাজ সম্পাদন করা এবং প্রয়োজনীয় ডকুমেন্টস ও প্রতিবেদন যথা নিয়মে প্রকল্প পরিচালক এর নিকট দাখিল।

**খ) সম্পদ মূল্য সুপারিশ কমিটি [Property Valuation Advisory Committee-(PVAC)]:**

| | | | |
|---|---|---|---|
| ১। | বিভাগীয় প্রকৌশলী-২, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা | - | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি শাখায় কর্মরত একজন কর্মকর্তা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৩। | সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন) এর চেয়ারম্যান/মেয়র/প্রশাসক এর মনোনীত প্রতিনিধি (প্রযোজ্যতা অনুযায়ী) | - | সদস্য |
| ৪। | উপ-বিভাগীয় প্রকৌশলী অথবা সহকারী প্রকৌশলী, পিডব্লিউডি (সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫। | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

১। কমিটি মাঠ পর্যায়ে বাজারদর অনুসন্ধান ও যাচাই করে ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্য (Replacement Cost) নির্ধারণ ও সুপারিশ করবে;

২। কমিটি সুপারিশকৃত ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্য (Replacement Cost) চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালকের মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বরাবর প্রেরণ করবে।

**গ) স্থানীয় পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি [Local Grievance Redress Committee-(LGRC)]:**

| | | | |
|---|---|---|---|
| ১। | সিনিয়র সহকারী প্রকৌশলী/ সহকারী নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, সিলেট | - | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন) এর চেয়ারম্যান/মেয়র/প্রশাসক এর মনোনীত প্রতিনিধি (প্রযোজ্যতা অনুযায়ী) | - | সদস্য |
| ৩। | সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন) এর চেয়ারম্যান/মেয়র/প্রশাসক এর মনোনীত মহিলা প্রতিনিধি (প্রযোজ্যতা অনুযায়ী) | - | সদস্য |
| ৪। | ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের মধ্য হতে একজন প্রতিনিধি (প্রকল্প পরিচালক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫। | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

১। পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের সময়ে স্থানীয় পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি সামাজিক ও পুনর্বাসন সংক্রান্ত অভিযোগসমূহ পুনঃ মূল্যায়ন ও বিবেচনা করে সমাধান করবে;

২। অভিযোগ নিরসন কমিটিতে উপস্থাপিত যে কোনো অভিযোগ সাধারণভাবে প্রথম শুনানীর দিনে নিরসন করতে হবে। জটিল প্রকৃতির অভিযোগসমূহ (যেখানে অতিরিক্ত অনুসন্ধান প্রয়োজন) তা ০৩ সপ্তাহের মধ্যে সমাধান করতে হবে;

৩। LGRC প্রয়োজনে পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পর্কিত অমীমাংসিত অভিযোগসমূহ মীমাংসা ও নিষ্পত্তির জন্য Project Level Grievance Redress Committee (PLGRC) বরাবর প্রেরণ করতে পারবে;

৪। প্রকল্প বাস্তবায়নের সময় সরাসরি ক্ষতিগ্রস্ত নয় এমন ব্যক্তি এবং প্রকল্প কাজের সময় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অভিযোগও LGRC নিরসন করবে;

৫। LGRC ভূমির এওয়ার্ডিদের ও তাদের শরীকদের অংশীদারিত্বের ক্ষতিপূরণ বা প্রাপ্যতার বিষয় বিবেচনা করবে কিন্তু এওয়ার্ডিদের বিধিগত অধিকারের বিষয় পুনঃবিবেচনা করবে না;

৬। সাধারণভাবে LGRC এর সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হবে তবে বিশেষ ক্ষেত্রে সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে। LGRC কর্তৃক যে কোনো সিদ্ধান্ত পুনর্বাসন পরিকল্পনা এবং প্রাপ্যতা (Entitlement) এর আওতায় গ্রহণ করতে হবে;

৭। আদালতের বিবেচনাধীন কোনো বিষয়ে LGRC কোনো কার্যক্রম গ্রহণ করবে না; এবং

৮। ন্যূনতম ৩ (তিন) জন সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম (Quorum) সম্পন্ন হবে।

ঘ) **প্রজেক্ট পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি [Project Level Grievance Redress Committee-(PLGRC)]:**

| | | | |
|---|---|---|---|
| ১। | বিভাগীয় প্রকৌশলী-২, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা | - | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি | - | সদস্য |
| ৩। | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

১। স্থানীয় পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি (LGRC) হতে প্রাপ্ত পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পর্কিত অমীমাংসিত অভিযোগসমূহ রিভিউ, বিবেচনা এবং মীমাংসা করবে;

২। LGRC এর নিকট থেকে অভিযোগ প্রাপ্তির তারিখ হতে সাধারণভাবে ০১ (এক) মাসের মধ্যে সমাধান করতে হবে;

৩। কমিটি প্রয়োজনে অভিযোগকারীর নিকট হতে অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করতে পারবে বা মাঠ পর্যায়ে তদন্ত পরিচালনা করতে পারবে;

৪। কমিটি সাধারণভাবে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবে। অন্যথায় সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে;

৫। কমিটি কর্তৃক যে কোনো সিদ্ধান্ত পুনর্বাসন পরিকল্পনা এবং প্রাপ্যতা (Entitlement) এর আওতায় গ্রহণ করতে হবে;

৬। আদালতের বিবেচনাধীন কোনো বিষয়ে কমিটি কোনো কার্যক্রম গ্রহণ করবে না; এবং

৭। সকল সদস্যের উপস্থিতিতে সভার কোরাম (Quorum) সম্পন্ন হবে।

ঙ) **পুনর্বাসন উপদেষ্টা কমিটি [ Resettlement Advisory Committee-(RAC)]:**

| | | | |
|---|---|---|---|
| ১। | বিভাগীয় প্রকৌশলী-২, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা | - | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত একজন কর্মকর্তা | - | সদস্য |
| ৩। | স্থানীয় মসজিদের ইমাম (ইউএনও কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৪। | স্থানীয় স্কুল/কলেজ এর একজন শিক্ষক (ইউএনও কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫। | সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন) এর চেয়ারম্যান/মেয়র/প্রশাসক এর মনোনীত মহিলা প্রতিনিধি (প্রযোজ্যতা অনুযায়ী) | - | সদস্য |
| ৬। | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

১। রি-লোকেশন ও পুনর্বাসন বাস্তবায়নের জন্য জটিল সমস্যাদি নির্ণয়;

২। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য বিশেষ গ্রুপ চিহ্নিত করে তাদের স্বার্থ ও দ্বন্দ্ব নিরসন;

৩। সমস্যা সৃষ্টিকারী দলের সাথে আলোচনা ও তাদের সমস্যা সমাধানের জন্য পুনর্বাসন ইউনিটকে উপদেশ প্রদান;

৪। অবকাঠামো, ব্যবসা প্রতিষ্ঠান এবং সামাজিক স্থাপনা স্থানান্তরের ক্ষেত্রে বিকল্প স্থান খুজে বের করা;

৫। আরএসি'র কার্যাবলির ডকুমেন্ট সম্পাদন এবং প্রয়োজনীয় ডকুমেন্টস সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও বাস্তবায়নকারী সিএসসি দপ্তরে সংরক্ষণ করা; এবং

৬। প্রকল্প পরিচালক এর অবগতির জন্য RAC এর কার্যাবলির রিপোর্ট প্রস্তুত করা।

০২। উল্লিখিত কমিটিসমূহের কার্যক্রমে নিম্নবর্ণিত শর্তসমূহ সন্নিবেশিত হবে;

**শর্তসমূহ**

ক) গঠিত যৌথ তদন্ত কমিটি (JVC), সম্পদ মূল্য সুপারিশ কমিটি (PVAC) এবং পুনর্বাসন উপদেষ্টা কমিটি (RAC)-তে মনোনীত কোনো কর্মকর্তা/প্রতিনিধিকে পুনরায় স্থানীয় পর্যায়ে/ প্রজেক্ট পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি (LGRC/PLGRC)-তে মনোনয়ন প্রদান করা যাবে না; এবং

খ) সম্পদ মূল্য সুপারিশ কমিটি (PVAC) কর্তৃক সুপারিশকৃত ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্য (Replacement Cost) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে প্রয়োজনে পুনঃযাচাই করে সংশ্লিষ্ট বিধি-বিধান ও গাইডলাইনের আলোকে চূড়ান্ত অনুমোদন করবেন এবং এ বিষয়ে রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মনির হোসেন**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২/০১ মার্চ ২০২৬

নং **৪৭.০০.০০০০.০৩১.১৬.০২৫.২৩(অংশ-১).২৫২**—যেহেতু, জনাব মোঃ কামরুল আহাদ, সহকারী গ্রন্থাগারিক (পূর্বের সেবা শাখার প্রশাসনিক কর্মকর্তা হিসেবে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা শাখার অতিরিক্ত দায়িত্ব পালনকালীন ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মুদ্রণ ও বাঁধাই খাতে (কোড নম্বর: ৩২৫৫১০২) বরাদ্দকৃত অর্থ বাংলাদেশ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (বিজি প্রেস)-এর অনাপত্তি সনদ (NOC) ছাড়াই ব্যয় করেছেন;

০২। যেহেতু, আপনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মোটরযান মেরামত খাতে (কোড নম্বর: ৩২৫৮১০১) বরাদ্দকৃত অর্থ সরকারি যানবাহন মেরামত কারখানার অনাপত্তি সনদ (NOC) ছাড়াই ব্যয় করেছেন; এবং

০৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের হিসাব শাখার অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ জাহিদুল ইসলামের মতামতের প্রেক্ষিতে আপনার জবাবে এহেন কৃতকর্মকে সঠিক প্রতিপাদনের নিমিত্ত অন্যের উপর দায় এড়ানোর চেষ্টা করেছেন। এ বিষয়ে আপনার প্রাথমিক জবাব সন্তোষজনক না হওয়ায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮' এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(ঘ) বিধিমতে 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে বিভাগীয় মামলা ০১/২০২৪ রুজু করা হয় এবং ১১ জানুয়ারি ২০২৪ তারিখের ৩৪ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে আপনাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ কামরুল আহাদ ১৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে গত ০৩-০৭-২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে প্রদত্ত তার মৌখিক এবং লিখিত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলা তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা- ২০১৮' এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(ঘ) বিধিমতে 'দুর্নীতি পরায়ণ'-এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন; এবং

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ কামরুল আহাদ-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ' -এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৭। সেহেতু, জনাব মোঃ কামরুল আহাদ, সহকারী গ্রন্থাগারিক (পূর্বের সেবা শাখার প্রশাসনিক কর্মকর্তা হিসেবে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা- ২০১৮' এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(ঘ) বিধিমতে 'দুর্নীতি পরায়ণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর ০১/২০২৪ এর দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

০৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুনিমা হাফিজ**
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২/০২ মার্চ ২০২৬

নং **৩৩.০০.০০০০.০০০.১১৮.২৭.০০১৯.২৪.১৩৭**—ড. নাসরিন সুলতানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ এর ২২ জানুয়ারি ২০২৬ তারিখের ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৭.০০১৯.২৪.২১ সংখ্যক প্রজ্ঞাপনে জারীকৃত সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে এবং বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন-ভাতা প্রাপ্য হবেন। তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় কার্যদ্বারা বিধি মোতাবেক চলমান থাকবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু তাহের মুহাম্মদ জাবের**
সচিব।

---

**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়**
**সমন্বয়-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি:

নং **২৯.০০.০০০০.২২৩.০১৮.০৫.১৭ (অংশ-১)-৫৪০**—ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি'র চেয়ারম্যান (সিনিয়র সচিব পদমর্যাদায়) জনাব সুদত্ত চাকমা কর্তৃক গত ১০ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ দাখিলকৃত পদত্যাগ পত্রটি সরকার কর্তৃক গৃহীত হয়েছে। এমতাবস্থায়, জনাব সুদত্ত চাকমা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স এর চেয়ারম্যান (সিনিয়র সচিব পদমর্যাদায়) এর পদত্যাগ পত্রটি গত ১০-০২-২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি অনুবিভাগ**
**বিধি-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ ফাল্গুন, ১৪৩২/০৮ মার্চ, ২০২৬

নং **০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-২৮**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule 1 of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার কর্তৃক আসন্ন শব-ই-কদর ও ঈদ-উল-ফিতরের পূর্ব নির্ধারিত ছুটির মধ্যবর্তী ১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার নির্বাহী আদেশে ০১ (এক) দিনের সরকারি ছুটি ঘোষণা করা হলো। ছুটিকালীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন-বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকবে।

৩। ব্যাংক কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৫। বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/কল-কারখানা ও প্রতিষ্ঠানের জন্য সাধারণ ছুটি ঘোষণার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.বি.এম. আবু বাকার ছিদ্দিক**
সহকারী সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ফাল্গুন ১৪৩২ ব./১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

নং **৩০.০০.০০০০.০২৬.১৮.০০২.২৩.০৮**—বাংলাদেশ বিমানবন্দরসমূহের Obstate Limitation Surface (OLS)- এর মধ্যে নির্মিতব্য স্থাপনার জন্য প্রাপ্য সর্বোচ্চ উচ্চতার তথ্য, সনদ প্রাপ্তির জন্য নিম্নোক্তভাবে ফি নির্ধারণে অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করেছে :

| ক্রমিক নং | পরিষেবার নাম | প্রদেয় ফি |
|---|---|---|
| ০১ | নির্মিতব্য স্থাপনার জন্য প্রাপ্য সর্বোচ্চ উচ্চতা সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ (Height Clearance Management System শীর্ষক মোবাইল এপ্লিকেশনের মাধ্যমে অথবা ম্যানুয়ালী) | ২,০০০/- টাকা মাত্র (দুই হাজার টাকা) মাত্র |
| ০২ | নির্মিতব্য স্থাপনার জন্য প্রাপ্য সর্বোচ্চ উচ্চতা সম্পর্কিত সনদ (Height Clearance Management System শীর্ষক মোবাইল এপ্লিকেশনের মাধ্যমে অথবা ম্যানুয়ালী) | ৬,০০০/- টাকা মাত্র (ছয় হাজার টাকা) মাত্র |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুমানা ইয়াসমিন**
উপসচিব।

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত]**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ ফাল্গুন ১৪৩২/০৫ মার্চ ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.১৫০**—মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০১৬. ২২.৬০ নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে জানুয়ারি ২০০৯ হতে ০৫ আগস্ট ২০২৪ পর্যন্ত সময়কালে রাজনৈতিক কারণে দায়েরকৃত হয়রানিমূলক মামলাসমূহ প্রত্যাহারে সুপারিশ করার লক্ষ্যে জেলা পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

(ক) (১) জেলা পর্যায়ের কমিটি :

**সভাপতি**

(i) জেলা ম্যাজিস্ট্রেট

**সদস্যবৃন্দ**

(ii) পুলিশ সুপার (মহানগর এলাকার জন্য পুলিশের একজন ডেপুটি কমিশনার)

(iii) পাবলিক প্রসিকিউটর (মহানগর এলাকার মামলাসমূহের জন্য মহানগর পাবলিক প্রসিকিউটর)

**সদস্য-সচিব**

(iv) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

(২) **জেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি ও কর্মপদ্ধতি :**

(i) রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের জন্য সংক্ষুব্ধ ব্যক্তিকে সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট-এর নিকট আবেদনপত্র দাখিল করতে হবে।

(ii) আবেদনের সাথে এজাহার ও প্রযোজ্য ক্ষেত্রে চার্জশীটের সার্টিফাইড কপি দাখিল করতে হবে।

(iii) আবেদন প্রাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেট দরখাস্তটি জেলার পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) এর নিকট মতামতের জন্য প্রেরণ করবেন।

(iv) আবেদন প্রাপ্তির ১৫ কর্মদিবসের মধ্যে পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) তাঁর মতামত জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করবেন।

(v) পাবলিক প্রসিকিউটর এর মতামত সংগ্রহপূর্বক জেলা ম্যাজিস্ট্রেট আবেদনটি ৭ কার্যদিবসের মধ্যে জেলা কমিটির সভায় উপস্থাপন করবেন।

(vi) জেলা কমিটির নিকট যদি প্রতীয়মান হয় যে, মামলাটি রাজনৈতিক বা অন্যকোন উদ্দেশ্যে হয়রানির জন্য দায়ের করা হয়েছে, তাহলে মামলাটি প্রত্যাহারের জন্য কমিটি সরকারের নিকট সুপারিশ করবে।

(vii) জেলা ম্যাজিস্ট্রেট উক্ত সুপারিশ, মামলার এজাহার, চার্জশীটসহ আবেদন প্রাপ্তির ৪৫ কার্যদিবসের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী তথ্যাদিসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে (ছক সংযুক্ত)।

(খ) এই প্রজ্ঞাপন জারির প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ২২-০৯-২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.২৪৩ নং পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**রাজনৈতিক হয়রানিমূলক হিসেবে বিবেচিত মামলা সংক্রান্ত তথ্য :**

| ক্রমিক | আবেদনকারীর নাম | জেলা/ মেট্রো এলাকার নাম | থানার মামলার নম্বর, তারিখ ও ধারা | মামলার সংক্ষিপ্ত বিবরণ | এজাহার নামীয় চার্জশীটভুক্ত আসামীর সংখ্যা | মামলার বর্তমান অবস্থা ও বিচারাধীন আদালত এর নাম | প্রত্যাহারের জন্য সুপারিশকৃত মামলা/ অভিযুক্ত ব্যাক্তির নাম | রাজনৈতিক হয়রানিমূলক বিবেচনার যৌক্তিকতা | প্রত্যাহার বিষয়ে সরকারি আইনজীবীর মতামত | জেলা কমিটির সুপারিশ | দুদকের মামলা কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ফাল্গুন ১৪৩২/৯ মার্চ ২০২৬

নং- **স্ব.ম.(পু-১)/ব্যক্তিগত-২০/২০০৯-১১৪**—যেহেতু, জনাব মোঃ কোহিনূর মিয়া, সাবেক উপ-পুলিশ কমিশনার (পশ্চিম), ডিএমপি, ঢাকা (বাসা-৭, এপার্টমেন্ট এ/২, রোড-২৭, ব্লক- জে, বনানী, ঢাকা-১২১৩)-এর বিরুদ্ধে রুজুকৃত ০২ (দুই) টি বিভাগীয় মামলায় তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হয়; এবং

২। যেহেতু, উক্ত ০২ (দুই) টি বিভাগীয় মামলায় আনীত একই অভিযোগসমূহে দায়েকৃত ০২ (দুই) টি ফৌজদারী মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক তাঁকে নির্দোষ গণ্য করে মামলার দায় হতে খালাস প্রদান করা হয়; এবং

৩। যেহেতু, তাঁর গুরুদণ্ডাদেশ পুনর্বিবেচনার আবেদন মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক মঞ্জুরপূর্বক আরোপিত 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ডাদেশটি বাতিল করা হয়;

৪। সেহেতু, জনাব মোঃ কোহিনূর মিয়া, সাবেক উপ-পুলিশ কমিশনার (পশ্চিম), ডিএমপি, ঢাকা (বাসা-৭, এপার্টমেন্ট এ/২, রোড-২৭, ব্লক- জে, বনানী, ঢাকা-১২১৩)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় গত ২২-০২-২০১১ তারিখে স্ব.ম.(পু-১)/ব্যক্তিগত ২০/২০০৯-১৪৯ নং স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপনটি বাতিল করা হলো। একই সাথে তাঁর বরখাস্তকালকে চাকরিকাল হিসাবে গণ্য করা হলো এবং তিনি বিধি মোতাবেক সকল প্রকার বকেয়া বেতন-ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**এমআরটি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ ফাল্গুন ১৪৩২/০২ মার্চ ২০২৬

নং **৩৫.০০.০০০০.০৬৫.১১.০০৫.২৫-৬৩**—বিগত ০৯-০২-২০২৫ তারিখের ৩৫.০০.০০০০.০৬৫.১৯.০৩২.১৭.৪৩ নং প্রজ্ঞাপনের মাধ্যমে নিয়োগকৃত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব ফারুক আহমেদ এর নিয়োগের অবশিষ্ট মেয়াদ এতদ্বারা বাতিল করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: দেলোয়ার হোসেন**
সহকারী সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ ফাল্গুন ১৪৩২/০৫ মার্চ ২০২৬

নং **২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০১৫.২৫-১০৭**—যেহেতু, জনাব মোঃ দেলওয়ার হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনায় কর্মরত আছেন। সাম্প্রতিককালে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থী ও ক্রাফট ইন্সট্রাকটরগণ এর মধ্যে চলমান আন্দোলনের প্রেক্ষিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে আন্দোলনের পক্ষে-বিপক্ষে উভয় পক্ষই পোস্ট, প্রতিপোস্ট করে প্রচার-প্রচারণা চলাকালীন সময়ে তিনি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে স্কুল অব ইঞ্জিনিয়ার্স গ্রুপে ৩০ এপ্রিল ২০২৫ তারিখে পোস্ট করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ দেলওয়ার হোসেন গত ১৮-০১-২০২৬ তারিখে কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে ০৩-০৩-২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)(তদন্ত কোষ) জনাব তানজিনা আফরিন জাহান বক্তব্য পেশ করেন। দাখিলকৃত জবাব পর্যালোচনা এবং শুনানি অন্তে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৩। সেহেতু, জনাব মোঃ দেলওয়ার হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা-এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক থাকার শর্ত অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ মাঘ, ১৪৩২/১০ ফেব্রুয়ারি, ২০২৬

নং **৪০.০০.০০০০.০১৬.৩৪.০১০.২৪.১৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "Nestle Bangladesh PLC" শিল্প প্রতিষ্ঠানকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৩, ১০৫, ১১৪(১) এবং ২৭৭ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ৭ ফেব্রুয়ারি ২০২৬ হতে ৬ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল।

**শর্তাবলি :**

১। বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে নির্দিষ্ট হারে অর্থ প্রদান করিতে হইবে;

২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৩। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে;

৪। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৫। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে; এবং

৬। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।